



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল  
সাধারণ শাখা  
www.barisaldiv.gov.bd



নম্বর: ০৫.১০.০০০.০০৩.৩৭.০০১.২২ (অংশ-১)- ৭৪০ (৩৯)

পৌষ ১৪২৯  
তারিখ : -----  
২০ ডিসেম্বর ২০২২

বিষয় : ধূমপান ও তামাক মুক্ত বরিশাল বিভাগ গঠনের নিমিত্ত ধূমপান ও তামাকজাত দ্রব্যের প্রচারণা বন্ধকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে তামাকজনিত রোগে আক্রান্ত হয়ে প্রতিবছর প্রায় ১,৬১,০০০ এর অধিক মানুষ (দি টোব্যাকো এটলাস, ২০১৮) মারা যায়। বাংলাদেশ সরকার বিশ্ব স্বাস্থ্য সংস্থার Framework Convention on Tobacco Control (FCTC) স্বাক্ষর ও অনুসমর্থন করেছে এবং এর আলোকে “ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫” পাস করে। পরবর্তীতে ২০১৩ সালে আলোচ্য তামাক নিয়ন্ত্রণ আইনে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন ও ২০১৫ সালে বিধিমালা জারি করা হয়। ৩১ জানুয়ারি, ২০১৬ খ্রি: তারিখে ঢাকায় অনুষ্ঠিত সাউথ এশিয়ান স্পিকার্স সামিটের সমাপনী অধিবেশনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ২০৪০ সালের মধ্যে বাংলাদেশ থেকে তামাক নির্মূলের ঘোষণা দিয়েছেন।

ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার ও বিক্রয় হ্রাস করার জন্য ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ এর ধারা ০৫ এ (তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন ও প্রচারণা নিষিদ্ধ এবং পৃষ্ঠপোষকতা নিয়ন্ত্রণ সম্পর্কিত বিধান) উল্লেখ রয়েছে যে,

ক) প্রিন্ট বা ইলেকট্রনিক মিডিয়ায়, বাংলাদেশে প্রকাশিত কোন বই, লিফলেট, হ্যান্ডবিল, পোস্টার, ছাপানো কাগজ, বিলবোর্ড বা সাইনবোর্ডে বা অন্য কোনভাবে তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন প্রচার করা যাবে না;

খ) তামাকজাত দ্রব্য ক্রয়ে প্রলুদ্ধকরণের উদ্দেশ্যে এবং কোন নমুনা, বিনামূল্যে বা স্বল্পমূল্যে, জনসাধারণকে প্রদান বা প্রদানের প্রস্তাব করা যাবে না;

গ) তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন প্রচার বা এর ব্যবহার উৎসাহিত করার উদ্দেশ্যে, কোন দান, পুরস্কার, বৃত্তি প্রদান বা কোন অনুষ্ঠানের ব্যয়ভার বহন করা যাবে না;

ঘ) কোন প্রেক্ষাগৃহে, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বা ওয়েব পেইজে তামাক বা তামাকজাত দ্রব্য সম্পর্কিত কোন বিজ্ঞাপন প্রচার করা যাবে না;


ঙ) বাংলাদেশে প্রস্তুতকৃত বা লভ্য ও প্রচারিত, বিদেশে প্রস্তুতকৃত কোন সিনেমা, নাটক বা প্রামাণ্য চিত্রে তামাকজাত দ্রব্য ব্যবহারের দৃশ্য টেলিভিশন, রেডিও, ইন্টারনেট, মঞ্চ অনুষ্ঠান বা অন্য কোন গণমাধ্যমে প্রচার, প্রদর্শন বা বর্ণনা করা যাবে না;

তবে শর্ত থাকে যে, কোন সিনেমার কাহিনীর প্রয়োজনে অত্যাবশ্যক হলে তামাকজাত দ্রব্য ব্যবহার দৃশ্য রয়েছে এইরূপ কোন সিনেমা প্রদর্শনকালে তামাকজাত দ্রব্য ব্যবহারের ক্ষতিকর প্রভাব সম্পর্কে লিখিত সতর্কবাণী, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, পর্দায় প্রদর্শনপূর্বক তা প্রদর্শন করা যাবে।

চ) তামাকজাত দ্রব্যের মোড়ক, প্যাকেট বা কৌটায় অনুরূপ বা সাদৃশ্য অন্য কোন দ্রব্য বা পণ্যের মোড়ক, প্যাকেট বা কৌটার উৎপাদন, বিক্রয় বা বিতরণ করা যাবে না;

ছ) তামাকজাত দ্রব্যের বিক্রয়স্থলে (Point of sales) যে কোন উপায়ে তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন প্রচার করা যাবে না;

এমতাবস্থায়, ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার ও বিক্রয় হ্রাস করার নিমিত্ত ধূমপান ও তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন ও প্রচারণা বন্ধের এবং পৃষ্ঠপোষকতা নিয়ন্ত্রণের জন্য ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ এর সঠিক ও কার্যকরী প্রয়োগ নিশ্চিত করার অনুরোধ করা হলো।

  
20.12.22

মোঃ আমিন উল আহসান

বিভাগীয় কমিশনার

বরিশাল

ফোন: ০২৪৭৮৮-৬৫০৩৮

ই-মেইল: divcombarisal@mopa.gov.bd

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট  
বরিশাল/পটুয়াখালী/ভোলা/পিরোজপুর/বরগুনা/ঝালকাঠি।

বিতরণ : সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. অতিরিক্ত সচিব ও সমন্বয়কারী, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. উপমহাপুলিশ পরিদর্শক, বরিশাল রেঞ্জ, বরিশাল।
০৫. পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল।